

## সহকারী শিক্ষকদের বেতন বৃদ্ধির দাবিতে কর্মসূচি ঘোষণা

নিম্নের প্রতিবেদক ▶

সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলির সহকারী শিক্ষকদের বেতন বৃদ্ধি করে প্রধান শিক্ষকদের এক ধাপ নিচে করার দাবিতে কর্মসূচি ঘোষণা করেছে প্রাথমিক শিক্ষক সমিতির (জাতীয়করণকৃত প্রাইমারি প্রাথমিক বিদ্যালয়গুলির সহকারী শিক্ষক) একাংশ। গতকাল বুধবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে এক সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। এতে সমিতির বক্তব্য পাঠ করেন সমিতির মহাসচিব মো. মনজুর আলী।

সিদ্ধান্ত বক্তব্যে বলা হয়, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক ৬০ হাজার তার সহকারী শিক্ষক পাড়ে তিন লাখ। মতন বেতন ছেন বাস্তবায়িত হলে সহকারী শিক্ষকরা প্রধান শিক্ষকদের তিন ধাপ নিচে বেতন পাবেন। অর্থাৎ এখন পান দুই ধাপ নিচে। এতে সহকারী শিক্ষকরা মানসিকভাবে হতাশ হবেন এবং অনাজেব ও প্রতিহিংসা বাড়বে।

কর্মসূচির মধ্যে রয়েছে ১০ এপ্রিল দেশের উপজেলা নির্বাহী কর্মকর্তাদের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর এবং ২০ এপ্রিল জেলা প্রশাসকের মাধ্যমে ২৮ এপ্রিল প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে ১১৫ মে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ও সচিবের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর আরকপিপি দেওয়া হবে। অন্যথায় ২৬ মে প্রধানমন্ত্রী কার্যালয়ে আরকপিপি দেওয়া হবে।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সমিতির কেন্দ্রীয় কমিটির সদস্য মো. সিয়াম উদ্দিন, খন্দকার মোস্তাফিজুর রহমান, মো. ফখরুল ইসলাম, সুবল চক্র দাস প্রমুখ।